SEP. 1 9 2006

দৈনিক
ইনকিলাব

তারিখ ... SEP 1 9 2006 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ২ ...

"মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত বাতিল না হলে বাধ্য করা হবে"

# ফাজিল কামিলের মান দেয়ার লক্ষ্যে আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করুন

## – ইসলামী নেতৃবৃন্দ

স্টাফ রিপোর্টার

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল ও কামিলের মান দেয়ার সিদ্ধান্ত বাতিল করে ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়ের অধীনে মান দেয়ার সিদ্ধান্ত জাতীয় সংসদে চলমান অধিবেশনে পাস করতে হবে। তা না করে জোট সরকারের একটি শরীক দলের কুপরামর্শে চললে সরকার আলেম ওলামা ও পীর মাশায়েখদের সমর্থন হারাবে। পীর ছাহেব জৈনপুরী : আদর্শ ইসলামী মিশন মাদ্রাসার প্রিন্সিপাল আল্লামা সৈয়দ আনম মাহবুবুর রহমান জৈনপুরী পীর ছাহেব বলেছেন, ফাজিল কামিলের মান দেয়ার মন্ত্রিপরিষদের ৮-এর পৃঃ ২-এর কঃ দেখুন

# ফাজিল কামিলের মান দেয়ার লক্ষ্যে

১২-এর পৃষ্ঠার পর

সিদ্ধান্ত এদেশের ওলামায়ে কেরাম ও পীর মাশায়েখগণ মেনে নেবেন যদি তা আরবী বিশ্ববিদ্যালয়ের অধীনে দেয়া হয়। অন্যথায় এ সিদ্ধান্ত কিছুতেই তারা মেনে নেবেন না। প্রয়োজনে ফুলতলী পীর ছাহেবের মত একের পর এক কর্মসূচী দিয়ে হলেও সরকারকে আমাদের দাবী মানতে বাধ্য করা হবে। তিনি বলেন, মাদ্রাসাসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত হওয়ার সিদ্ধান্ত অবিলম্বে বাতিল করতে হবে। পীর ছাহেব বলেন, স্বতন্ত্র ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার সুপারিশ রয়েছে শিক্ষা কমিশনে, মঞ্জুরী কমিশনের এবং মাদ্রাসা সংস্কার কমিটির সুপারিশ মালাতেও।

পীর ছাহেব বলেন, এতসব সুপারিশ থাকা সত্ত্বেও ভ্রান্ত ইসলামের ধারক জামায়াতে ইসলামীর প্ররোচনায় ফাজিল কামিলের মান জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে দিয়ে সরকার মূলত দেশের সব উলামায়ে কেরাম ও পীর মাশায়েখ এবং ইসলামী জনতার বিরুদ্ধে অবস্থান নিয়েছে। সরকারের জানা উচিত এদেশের উলামায়ে কেরাম, পীর মাশায়েখ ও ইসলামী জনতার তুলনায় জামায়াত অত্যন্ত ক্ষুদ্র নামধারী শক্তি। তারা ইসলামবিরোধী বহিঃশক্তির আশীর্বাদে তৈরী হয়ে তাদের পক্ষে পরোক্ষ ওকালতি করছে। তারা ভ্রান্ত মতবাদের ধারা হওয়ার কারণেই মাদ্রাসা শিক্ষাকে বিলুপ্ত করতে প্রভুশক্তির পরামর্শে ক্ষমতায় থাকার সুযোগে ফাজিল কামিলের মানকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করার নীলনকশা বাস্তবায়ন করেছে। আল্লামা মাহবুব রহমান বলেন, সরকারকে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল কামিলের মান দেয়ার সিদ্ধান্ত বাতিল করে আরবী বিশ্ববিদ্যালয়ের অধীনে মান দেয়া সাপেক্ষে আপাতত মাদ্রাসা বোর্ডের অধীনে মান দেয়ার সিদ্ধান্ত সংসদে পাস করতে হবে।

আরবী বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটি

ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন কমিটির আহ্বায়ক ও মাসিক মদিনা সম্পাদক মাওলানা মুহিউদ্দীন খান ফাজিল কামিল মাদ্রাসাসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ করে মাদ্রাস[া] শিক্ষার স্বকীয়তা বিনষ্ট করে মাদ্রাসা ধ্বংসে[র] সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ করেছেন। তিনি বলেন এর প্রতিবাদে ফুলতলী পীর ছাহেবের লংমা[র্চ] একটি সফল ও সময় উপযোগী পদক্ষেপ। তি[নি] বলেন, এদেশের পীর মাশায়েখ ও উলামায়ে কেরাম অক্লান্ত পরিশ্রম করে তিলে তিলে মাদ্রাসাসমূহ প্রতিষ্ঠা করেছেন। এসব মাদ্রাস[া] কোন রাজনৈতিক দল প্রতিষ্ঠা করেনি। তাই জোটভুক্ত কোন রাজনৈতিক দলের কুপরামর্শে আলিয়া মাদ্রাসাকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করার সিদ্ধান্ত নিলে জোট সরকার উলামায়ে কেরাম, পীর মাশায়েখ ও ইসলামী জনতার সমর্থন হারাবে।